



বাংলাদেশ কৃষি ব্যাংক

Phone : 9553637

প্রধান কার্যালয়, ঢাকা

bkb@intechworld.net

হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট-১

www.krishibank.org.bd

নং-প্রকা/এইচআরএমডি-১/বিবিধ-৩১(৪)/২০১৬-২০১৭/৩০৩৬

তারিখ : ২৪.০১.২০১৭ ইং

সকল কর্মকর্তা/কর্মচারী

বাংলাদেশ কৃষি ব্যাংক

বিষয় : মানবিক কারণে সাহায্যের আবেদন

প্রিয় মহোদয়,


উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ কৃষি ব্যাংক, জনসংযোগ ও প্রটোকল বিভাগ, প্রধান কার্যালয়, ঢাকা এর সাবেক কর্মকর্তা (অবসরোত্তর ছুটি ০১-০১-২০১৬ হতে ৩১-১২-২০১৬) জনাব মোহাম্মদ আলী (এম-৩২৮৬) মাননীয় ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের বরাবরে মানবিক সাহায্যের জন্য একটি আবেদন করেছেন।

০২। উক্ত আবেদনে দেখা যায়, জনাব মোহাম্মদ আলী'র একমাত্র পুত্র নীরব আহমেদ (মোঃ খোকন) গত ০৬-১১-২০১৬ ইং তারিখে মটর সাইকেল দুর্ঘটনায় পতিত হয়ে মাথায় আঘাতপ্রাপ্ত হয় এবং ডান পা ভেঙ্গে যায়। তাকে তৎক্ষণিকভাবে ঢাকার শ্যামলীস্থ ক্রিসেন্ট হাসপাতাল এবং পরবর্তীতে পাশ্ববর্তী কিডনী হাসপাতালের আই.সি.ইউ.তে সংজ্ঞাহীন অবস্থায় ভর্তি করা হয় এবং অদ্যাবধি সংজ্ঞাহীন রয়েছে। প্রতিদিন চিকিৎসাবাবদ প্রায় ১৫,০০০/ টাকা ব্যয় হচ্ছে। চিকিৎসার জন্য ইতোমধ্যে ৭ (সাত) লক্ষাধিক টাকা ব্যয় করেছেন। এ উদ্দেশ্যে তিনি আত্মীয়-স্বজনের কাছ থেকে ২ লক্ষাধিক টাকা ধার করেছেন এবং বাড়ীর সহায় সম্বল বিক্রি করেছেন। সংশ্লিষ্ট কর্মকর্তা তার আর্থিক অস্বচ্ছলতার বিষয়টি উল্লেখ করে এবং বিকেবি পরিবারের একজন সদস্য হিসেবে মানবিক কারণে তার পুত্রের চিকিৎসার জন্য আর্থিক সাহায্য হিসেবে অত্র ব্যাংকের সকল কর্মকর্তা/কর্মচারীদের নিকট থেকে ০১ (এক) দিনের মধ্যাহ্ন ভোজন ভাতা পাওয়ার জন্য আবেদন করেছেন

০৩। জনাব মোহাম্মদ আলীর পুত্রের চিকিৎসার ব্যয় নির্বাহের জন্য বাংলাদেশ কৃষি ব্যাংক, স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা'য় পরিচালিত তার সঞ্চয়ী হিসাব নং-৭৬০৪ তে ১ (এক) দিনের লাঞ্চ অথবা যার যার সাধ্যমত আর্থিক সাহায্য প্রেরণের জন্য বাংলাদেশ কৃষি ব্যাংকের সকল স্তরের কর্মকর্তা/কর্মচারীদেরকে অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে,

আপনার বিশ্বস্ত,


২৪/০১/১৭
(মোঃ মফিজুল ইসলাম)

উপ-মহাব্যবস্থাপক

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। উপ-মহাব্যবস্থাপক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। মানবিক কারণে সাহায্য সংক্রান্ত পত্রখানা ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগকে অনুরোধ করা হলো।

০২। নথি/অফিস নথি।